

পূর্ব বর্ধমান জিলা পরিষদ

বাস্তুকার বিভাগ

কোর্ট কম্পাউন্ড, পোঃ-বর্ধমান

জেলা-পূর্ব বর্ধমান, পিল-৭১৩১০১

স্মারক সংখ্যা :- ৩২। /ডি.ই./মার্কেট কমপ্লেক্স (কুসুমগ্রাম)

তারিখ :- ২৯/৬/১৮

বিষয়: কুসুমগ্রামে জিলা পরিষদের অধীন ব্যবসায়িক কেন্দ্রের তিন তলার ফাঁকা স্থান (সমগ্র) ইজারার জন্য দরপত্র আহ্বান (সিল মোহর থামের মাধ্যমে)

এতদ্বারা সর্বসাধারণকে অবগত করা যাইতেছে যে, পূর্ব বর্ধমান জিলা পরিষদের অধীন মন্ত্রশ্঵র রাকের অন্তর্গত কুসুমগ্রাম মার্কেট কমপ্লেক্স তৃতীয় তলার ফাঁকা স্থানের বিলি বল্দোবস্ত্রের জন্য সিল মোহর করা খামে মাসিক হাবে ভাড়ার দরপত্র আহ্বান করা হচ্ছে। দরপত্র শেষ দিনের আগেও যে কোন দিন অফিস চলা কালীন সময়ে জমা করা যাইবে।

ইচ্ছুক ব্যক্তি বা সংস্থাকে দরপত্র জমা দিবার পূর্বে তৃতীয় তলার সমগ্র অংশের মাপ, পারিপার্শ্বিক অবস্থান, যাতায়াতের সিডি ইত্যাদির বিষয়ে সম্যক বিবেচনা করিয়া দরপত্র জমা দিতে হবে। পরে এ বিষয়ে কোন ওজর আপত্তি গ্রাহ্য হবে না।

১. সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত বা পঞ্চায়েত সমিতি হচ্ছে পরিচিতি (নাম, পিতা সহ সম্পূর্ণ ঠিকানা, থানার নাম ইত্যাদি)।

২. ভোট দেবার পরিচয় পত্র বা আধার-এর নকল (স্ব-প্রত্যয়িত)।

৩. নির্দিষ্ট বায়না জমার অর্থ (Earnest Money), যা ফেরতযোগ্য, জেলা বাস্তুকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদ (District Engineer, Purba Bardhaman Zilla Parishad, payable at Bardhaman)-এর অনুকূলে, বর্ধমানহিত কোনও সিডিউল ব্যাঙ্ক এর ব্যাঙ্ক ড্রাইট/পে অর্ডার/ ব্যাঙ্কারস চেক মাধ্যমে দিতে হবে বায়না জমা (আরনেস্ট মানি) ব্যাতিত কোনও দরপত্র গ্রাহ্য হবে না। সর্বোচ্চ সফল দর দাতাকারীর বায়না জমার অর্থ দেওয়া স্থানকে বানিজ্যিক রূপে চালনা করার পরেই ফেরত যোগ্য বিবেচিত হবে।

সর্বোচ্চ সফল ডাক দাতাকে কার্যাদেশ দেওয়ার পর ৭ দিনের মধ্যে চুক্তি পত্র স্বাক্ষর করিতে হবে এবং জিলা পরিষদ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ৭ দিনের মধ্যে কর্তৃপক্ষে পত্র ২ (দুই) জন বিশিষ্ট জামিনদাতার নাম, ঠিকানা ও স্বাক্ষর সহ জমা দিতে হবে, অন্যথায় তাহার বায়না জমা বাজেয়াপ্ত করিয়া ইজারা অনুমোদন বাতিল বলিয়া গণ্য হবে।

পূর্ব বর্ধমান জিলা পরিষদের নির্ধারিত দিনেই স্থান হস্তান্তর করা হবে এবং হস্তান্তরিত হওয়ার দিন হইতেই মাসিক ভিত্তিতে প্রদেয় ভাড়া প্রযোজ্য হবে।
দরপত্র জমা দিবার স্থান:- নিম্ন স্বাক্ষরকারীর অফিস (রাথা নির্দিষ্ট বাস্তুকারীর অফিস)।

দরপত্র জমা দেওয়ার শেষ সময় ও তারিখ:- ১৬/০৭/২০১৮ (সোমবার), ৮.০০ ঘটিকার মধ্যে।

দরপত্র খোলার সময় ও তারিখ:- (দরপত্র দাখিলকারিদের উপস্থিতি) ১৬/০৭/২০১৮, ৮.৩০ ঘটিকার পর নিম্ন স্বাক্ষরকারীর অফিসে।

ফাঁকা স্থানের বিশদ বিবরণ নিম্নরূপ-

বিশদ বিবরণ			
ঘরের অবস্থান	আনুমানিক মাপ	ফেরতযোগ্য জামীন জমা টাকার সর্বনিম্ন পরিমাণ (টাকা)	জিলা পরিষদ নির্ধারিত মাসিক ভিত্তিতে প্রদেয় ভাড়া (টাকা)
সর্বোচ্চ তল (তৃতীয় তল)	সমগ্র অংশ ২,০০০ বর্গফুট (কমবেশী)।	১,০০,০০০/- টাকা	১০ টাকা প্রতি বর্গফুট

যদি কোনও ব্যক্তি / সংস্থা পূর্ব বর্ধমান জিলা পরিষদের প্রাপ্য অর্থ ইতিপূর্বে পরিশোধ না করিয়া বা বেনামী করিয়া অত্র ডাকে অংশগ্রহণ করিয়াছেন বলিয়া প্রমান হয় তাহলে উক্ত দরপত্র বাতিল হইবে ব্যাবসায়িক স্থানের জন্য চুক্তি অনুযায়ী প্রতি মাসে প্রদেয় ভাড়া নির্দিষ্ট সময়ে জমা দিতে হইবে ইহা ছাড়া বিদ্যুৎ ব্যয়, পঞ্চায়েত ইত্যাদির প্রযোজ্য কর ও অন্যান্য আনুসঙ্গিক খরচ ব্যবহারকারীগণকে নিজ ব্যয়ে মিটাইতে হইবে পরিষেশ দূষকারী / দায় পদার্থ / বিচ্ছিন্ন ক্ষতিকারক বস্তু-সামগ্রী উক্ত ব্যাবসায়িক কেন্দ্রের মধ্যে ক্রয়/বিক্রয় করা যাইবে না।

ব্যাবসায়িক স্থান এককালিন ৫ (পাঁচ) বৎসরের মেয়াদী ভাড়ায় দেওয়া হইবো উক্ত মেয়াদ অন্তে প্রদত্ত ভাড়ার চুক্তি প্রতি ৫ (পাঁচ) বৎসর অন্তর জিলা পরিষদের নিয়ম ও শর্তে সর্বাধিক ১৫ (পনের) বৎসর অবধি নবীকরণ করা যাইবো জিলা পরিষদের অনুমোদন ব্যতিরেকে অন্য কোনও সংস্থা বা ব্যক্তিকে দেওয়া জায়গা স্থানান্তর করা যাইবে না। ভূমি অধিগ্রহণ দপ্তরের মাধ্যমে সময়ে সময়ে সংশোধিত দেওয়া নির্ধারিত রেটে পরবর্তীকালে ভাড়া দিতে হইবে। যদি এখন প্রাপ্ত সর্বক্ষেত্রে দর জিলা পরিষদের দেওয়া দরের থেকে বেশী হয়, তবে সময়ে সময়ে সংশোধিত সরকারী ভাড়ার চুক্তিকৃত ভাড়া বৃদ্ধি হইবে এবং সেই হারে পরবর্তীকালে মাসিক ভাড়া প্রদান করিতে হইবে।

আগ্রহী ব্যক্তি/সংস্থা জেলা বাস্তুকার অফিস হইতেও নির্দিষ্ট তারিখ ও সময়ের পূর্বে প্রযোজনীয় তথ্য জ্ঞাত ও সংগ্রহ করিতে পারিবেন। জিলা পরিষদ নির্ধারিত দরের নিম্নে দেওয়া কোনও দর অনুমোদিত হইবে না।

অত্র বিজ্ঞপ্তি কোনও সংশোধন / সংযোজন কেবলমাত্র পূর্ব বর্ধমান জিলা পরিষদ অফিস মোটিশ বোর্ড / ওয়েবসাইট এ দেওয়া হবে সর্বোচ্চ ডাক জিলা পরিষদের চুক্তি অনুমোদন সাপেক্ষে গ্রহণ করা হইবো প্রকাশ থাকে যে, জিলা পরিষদ কর্তৃপক্ষ কোনও কারণ না দর্শাইয়া এই বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত সর্বোচ্চ ডাকের যে কোনও টি অথবা সমস্ত দরপত্রগুলি বাতিল করিবার বা অনুমোদন করিবার অধিকার সংরক্ষিত রাখিতেছেন।

জেলা বাস্তুকার
পূর্ব বর্ধমান জিলা পরিষদ
২৫/০৭/২০১৮

**কুসুমগ্রামে জিলা পরিষদের অধীন ব্যবসায়িক কেন্দ্রের তিন তলার ফাঁকা স্থান (সমগ্র)
ইজারার জন্য দরপত্র আহাল (সিল মোহর থামের মাধ্যমে)**

নিয়ম ও শর্ত :-

১. সমবায় সহ সর্বক্ষেত্রেই দরপত্রে অংশগ্রহণ করিবার সময় জামিন জমার টাকা পূর্ব বর্ধমান জিলা পরিষদের পক্ষে ব্যাঙ্ক ড্রাফট/পে অর্ডার/ব্যাঙ্কার্স চেক আবেদন পত্রের সঙ্গে সীল করা থামে জমা দিতে হইবে, অন্যথায় দরপত্র গ্রাহ্য হইবে না।
২. যে সমস্ত বক্তি বা প্রতিষ্ঠান জিলা পরিষদে দেয় টাকা ইতিপূর্বে পরিশোধ করেন নাই বা বেনামী করিয়া অন্য স্থানে নিলাম তাকে অংশগ্রহণ করেছেন বলিয়া প্রমাণ হয় তাহাদিগকে তাকে অংশগ্রহণ করিতে দেওয়া হইবে না।
৩. বানিজ্যিক ভাবে দেওয়া জায়গা ব্যবহারের জন্য প্রতিমাসে প্রদেয় ভাড়া চুক্তি অনুযায়ী সংশ্লিষ্ট অফিসে জমা দিতে হইবে তাছাড়া বিদ্যুৎ ব্যয়, পঞ্চায়েত কর ও অন্যান্য আনুসুচিক ব্যয় তাঁহাদিগকে নিজ ব্যায়ে সংশ্লিষ্ট দপ্তরে যিটাইতে হইবে।
৪. সর্বোচ্চ ভাক জিলা পরিষদের চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে গ্রহণ করা হইবে প্রকাশ থাকে যে, জিলা পরিষদ কর্তৃপক্ষ কোন কারন না দর্শাইয়া এই বিজ্ঞপ্তির উত্তরে প্রাপ্ত সর্বোচ্চ ভাকের যে কোনটি অথবা সমস্ত দরপত্রগুলি বাতিল করিবার বা অনুমোদন করিবার অধিকার সংরক্ষিত রাখিতেছেন।
৫. ব্যবসায়িক স্থান এককালিন ৫ (পাঁচ) বৎসরের মেয়াদী ভাড়ায় দেওয়া হইবে উক্ত মেয়াদ অন্তে প্রদত্ত ভাড়ার চুক্তি প্রতি ৫ (পাঁচ) বৎসর অন্তর জিলা পরিষদের নিয়ম ও শর্তে সর্বাধিক ১৫ (পনের) বৎসর অবধি নবীকরণ করা যাইবে জিলা পরিষদের অনুমোদন ব্যতিরেকে অন্য কোনও সংস্থা বা ব্যক্তিকে দেওয়া জায়গা স্থানান্তর করা যাইবে না। ভূমি অধিগ্রহণ দপ্তরের মাধ্যমে সময়ে সময়ে সংশোধিত দেওয়া নির্ধারিত রেটে পরবর্তীকালে ভাড়া দিতে হইবে। যদি এখন প্রাপ্ত সর্বচ্ছে দর জিলা পরিষদের দেওয়া দরের থেকে বেশী হয়, তবে সময়ে সময়ে সংশোধিত সরকারী ভাড়ার হারও আনুপাতিক হারে বৃদ্ধি হইবে এবং সেই হারে পরবর্তীকালে মাসিক ভাড়া প্রদান করিতে হইবে। জিলা পরিষদের অনুমোদন ব্যতিরেকে কোনও ইজারা হস্তান্তর করা যাইবে না।
৬. দরপত্রের অংশগ্রহণকারীগনকে অনুরোধ করা যাইতেছে যে, দর দিবার পূর্বে জায়গার অবস্থান, ঘরের মাপ, সুযোগ সুবিধা, লাইসেন্স ফি প্রদানের নিয়ম ও শর্ত ইত্যাদি দেখিয়া এবং উপরোক্ত বিষয় সমূহ সম্যক ভাবে বুঝিয়া তবেই ভাকে অংশগ্রহণ করিবেন, পরে এই বিষয়ে কোন ওজর, আপত্তি ইত্যাদি গ্রাহ্য হইবে না।
৭. পরিবেশ দুষ্পন্থকারী / উভেজক পানীয় ইত্যাদি কোন দোকানে বিক্রয় করা যাইবে না।
৮. জিলা পরিষদ নির্ধারিত ভাড়ার নীচে দেওয়া কোন দর গ্রহণ করা যাইবে না।
৯. একই অক্ষে একাধিক ব্যক্তি/সংস্থা দরপত্র দাখিল করিলে লটারির মাধ্যমে চূড়ান্ত নিপত্তি হইবে।
১০. জামিন জমা বাবদ বায়না জমার অর্থ জমা থাকিবে। কার্যাদেশ দেওয়ার সার্বাধিক দুই মাসের মধ্যে দেওয়া স্থান বানিজ্যিক ভাবে ব্যবহার শুরু হওয়ার পর জামিন জমার অর্থ ফেরত দেওয়া হবে। হস্তান্তরের দুই মাসের মধ্যে বানিজ্যিক ভাবে ব্যবহার শুরু না করিলে জামিন জমা বাবদ রাখা অর্থ বাজেয়াপ্ত করা হইবে এবং চুক্তি পত্র বাতিল বলে গন্য হইবে।
১১. জিলা পরিষদের অনুমোদন সাপেক্ষে দেওয়া স্থান নিজ ব্যয়ে বানিজ্যিক হিসাবে ব্যবহারযোগ্য করিতে হইবে এবং অনুমোদিত দরে ভাড়া দিতে বাধ্য থাকিবে।
১২. জিলা পরিষদের প্রচলিত পদ্ধতিতে চুক্তি পত্র স্বাক্ষর করিতে হবে।
১৩. কার্যাদেশ দেওয়ার দুই মাসের মধ্যে দেওয়া স্থান নিজ ব্যয়ে বানিজ্যিক ভাবে ব্যবহারযোগ্য করিতে হইবে এবং উক্ত দিন হইতেই ভাড়া দিতে বাধ্য থাকিবে।

জেলা বন্তকার
পূর্ব বর্ধমান জিলা পরিষদ
২৫/০৬/২০১৮

প্রতিলিপী মাননীয় সভাধিপতি, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/সহ-সভাধিপতি, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/ নির্বাহী আধিকারিক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/অতিরিক্ত নির্বাহী আধিকারিক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/কর্মাধ্যক্ষ, পূর্ব বর্ধমান জিলা পরিষদ (সকল)/আর্থিক নিয়ামক ও মুখ্য হিসাব আধিকারিক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/মহকুমা শাসক, পূর্ব বর্ধমান (সকল)/সভাপতি, পঞ্চায়েত সমিতি (সকল)/নির্বাহী আধিকারিক, পঞ্চায়েত সমিতি (সকল)/প্রধান, কুসুমগ্রাম গ্রাম পঞ্চায়েত/নির্বাহী বন্তকার, গ্রামীন উন্নয়ন সংস্থা, বর্ধমান-১ ও ২ বিভাগ/সহ বন্তকার, জিলা পরিষদ (সকল)/অবর সহ বন্তকার, জিলা পরিষদ (সকল)/জিলা পরিষদের নোটিশ বোর্ড বহুল প্রচারের জন্য প্রেরীত হল।

জেলা বন্তকার
পূর্ব বর্ধমান জিলা পরিষদ
২৫/০৬/২০১৮

জেলা বন্তকার
পূর্ব বর্ধমান জিলা পরিষদ
২৫/০৬/২০১৮